4	19 K Potassium 39.098	20 Ca Calcium 40.078	21 Sc Scandium 44.956	22 Ti Titanium 47.867	23 V Vanadium 50.942	24 Cr Chromium 51.996	25 Mn Manganese 54.938	26 Fe Iron 55.845	27 Co Cobalt 58.933	28 Ni Nickel 58.693	29 Cu Copper 63.546	30 Zn Zinc 65.38	31 Ga Gallium 69.723	32 Ge Germanium 72.630	33 As Arsenic 74.922	34 Se Selenium 78.971	35 Br Bromine 79.904	36 Kr Krypton 83.798
5	37 Rb Rubidium 85.468	38 Sr Strontium 87.62	39 Y Yttrium 88.906	40 Zr Zirconium 91.224	41 Nb Niobium 92.906	42 Mo Molybdenum 95.95	43 Tc Technetium [98]	44 Ru Ruthenium 101.07	45 Rh Rhodium 102.906	46 Pd Palladium 106.42	47 Ag Silver 107.868	48 Cd Cadmium 112.414	49 In Indium 114.818	50 Sn Tin 118.710	51 Sb Antimony 121.760	52 Te Tellurium 127.60	53 I Iodine 126.904	54 Xe Xenon 131.293
6	55 Cs Caesium 132.905	56 Ba Barium 137.327	57 La Lanthanum 138.905	72 Hf Hafnium 178.49	73 Ta Tantalum 180.948	74 W Tungsten 183.84	75 Re Rhenium 186.207	76 Os Osmium 190.23	77 Ir Iridium 192.217	78 Pt Platinum 195.084	79 Au Gold 196.967	80 Hg Mercury 200.592	81 Tl Thallium 204.38	82 Pb Lead 207.2	83 Bi Bismuth 208.980	84 Po Polonium [209]	85 At Astatine [210]	86 Rn Radon [222]
7	87 Fr Francium [223]	88 Ra Radium [226]	89 Ac Actinium [227]	104 Rf Rutherfordium [267]	105 Db Dubnium [268]	106 Sg Seaborgium [269]	107 Bh Bohrium [270]	108 Hs Hassium [269]	109 Mt Meitnerium [278]	110 Ds Darmstadtium [281]	111 Rg Roentgenium [280]	112 Cn Copernicium [285]	113 Nh Nihonium [286]	114 Fl Flerovium [289]	115 Mc Moscovium [289]	116 Lv Livermorium [293]	117 Ts Tennessine [294]	118 Og Oganesson [294]
			58 Ce Cerium 140.116	59 Pr Praseodymium 140.908	60 Nd Neodymium 144.242	61 Pm Promethium [145]	62 Sm Samarium 150.36	63 Eu Europium 151.964	64 Gd Gadolinium 157.25	65 Tb Terbium 158.925	66 Dy Dysprosium 162.500	67 Ho Holmium 164.930	68 Er Erbium 167.259	69 Tm Thulium 168.934	70 Yb Ytterbium 173.045	71 Lu Lutetium 174.967		
			90 Th Thorium 232.038	91 Pa Protactinium 231.036	92 U Uranium 238.029	93 Np Neptunium [237]	94 Pu Plutonium [244]	95 Am Americium [243]	96 Cm Curium [247]	97 Bk Berkelium [247]	98 Cf Californium [251]	99 Es Einsteinium [252]	100 Fm Fermium [257]	101 Md Mendelevium [258]	102 No Nobelium [259]	103 Lr Lawrencium [262]		

❑ S ব্লক মৌলসমূহের সাধারণ বৈশিষ্ট্য:

1. 1s ব্লকের ধাতব মৌলসমূহের নিম্ন গলনাঙ্ক ও নিম্ন স্ফুটনাঙ্ক বিশিষ্ট ধাতু।

   গ্রুপ-1: সর্বোচ্চ গলনাঙ্ক → $Li = 180°C$

   গ্রুপ-1: সর্বনিম্ন গলনাঙ্ক → $Cs = 28.4°C$

   গ্রুপ-2: সবোচ্চ গলনাঙ্ক → $Be = 1278°C$

   গ্রুপ-2: সর্বনিম্ন গলনাঙ্ক → $Ra = 700°C$

2. এরা নরম ও নমনীয় ধাতু।

   Na কে ছুরি দিয়ে কাঁটা যায়।

3. গ্রুপ-1 ও গ্রুপ-2 এর ক্যাটায়নসমূহে কোন বিজোড় বা অযুগ্ম ইলেক্ট্রন না থাকায় এদের যৌগ বর্ণহীন।

4. ক্যাটায়ন সমূহে বিজোড় ইলেকট্রন না থাকায় এরা ডায়াম্যাগনেটিক বা চুম্বক ক্ষেত্র দ্বারা বিকর্ষিত হয়।

5. গ্রুপ-1 এর মৌলসমূহের আয়নীকরণ শক্তি সবচেয়ে কম।

6. এরা তীব্র তড়িৎ ধনাত্মক মৌল।

7. এরা তীব্র বিজারক রূপে ক্রিয়া করে।

8. Be ও Mg ব্যতীত S ব্লক মৌলসমূহ বুনসেন শিখায় বর্ণ দেখায়।

Problems

❑ সোডিয়াম ধাতুকে কেরোসিনের মধ্যে সংরক্ষণ করা হয় কেন? ব্যাখ্যা কর।

সোডিয়াম অতীব সক্রিয় ধাতু। সোডিয়াম ধাতুকে বাতাসে ও পানিতে রাখা যায় না। কারণ বাতাসের মধ্যস্থ অক্সিজেনের সাথে Na ধাতু বিক্রিয়া করে। সোডিয়াম অক্সাইড গঠন করে। উৎপন্ন Na_2O বাতাসের CO_2 এর সাথে বিক্রিয়া করে সোডিয়াম কার্বনেটে পরিণত হয়।

$$4Na + O_2 \rightarrow 2Na_2O$$

$$Na_2O + CO_2 \rightarrow Na_2CO_3$$

আবার, সোডিয়াম ধাতুকে পানিতেও রাখা যায়না। পানির সংস্পর্শে সোডিয়াম ধাতু পানির সাথে প্রবলভাবে বিক্রিয়া করে সোডিয়াম হাইড্রক্সাইড ক্ষার ও H_2 গ্যাস উৎপন্ন করে। এটি তাপোৎপাদী বিক্রিয়া হওয়ায় উৎপন্ন H_2 গ্যাসে আগুন ধরে যায় ফলে পানি উৎপন্ন হয়।

$$2Na + 2H_2O \rightarrow 2NaOH + H_2 + \text{তাপ}$$

$$2H_2 + O_2 \rightarrow 2H_2O$$

তাই, সোডিয়াম ধাতুকে নিষ্ক্রিয় তরল কেরোসিনের মধ্যে সংরক্ষণ করা হয়।

Problems

❑ Be এবং Mg বুনসেন শিখায় বর্ণ দেখায় না কেন?

বেরিলিয়াম ও ম্যাগনেসিয়াম ধাতুর পরমাণু তুলনামূলকভাবে আকারে ছোট। এদের নিউক্লিয়াস দ্বারা যোজ্যতা ইলেকট্রন অধিক আকৃষ্ট হয়, ফলে এদের আয়নীকরণ শক্তি অন্যসব ব্লক মৌলের চেয়ে বেশি হয়ে থাকে। বুনসেন শিখার তাপে এসব মৌলের যোজ্যতাস্তরের ইলেকট্রন উদ্দীপিত হয়ে উচ্চতর শক্তিস্তরে উন্নীত হতে পারেনা। এ কারণে Be ও Mg এর পরমাণুর বা ধাতব লবণ লবণ বুনসেন শিখায় বিশেষ বর্ণ সৃষ্টি করেনা।

❑ S ব্লক মৌল বলতে কী বুঝ? এদের জারণ সংখ্যা +1 বা +2 বা স্থির কেন?

যেসকল মৌলের সর্বশেষ ইলেকট্রনটি S অরবিটালে যায়, তাদেরকে S ব্লক মৌল বলে।

S ব্লক মৌলের সাধারণ ইলেকট্রন বিন্যাস ns^{-1} এবং ns^{2}। গ্রুপ-1A এর ক্ষেত্রে সর্ববহি:স্থ শক্তিস্তরে একটি ইলেক্ট্রন থাকায় এসকল মৌল একযোজী এবং সর্ববহি:স্থ শক্তিস্তরের ইলেক্ট্রনের উপর নিউক্লিয়াসের আকর্ষণ কম হওয়ায় সহজেই বিচ্যুত হতে পারে।

একারণে এদের জারণ সংখ্যা +1। একইভাবে গ্রুপ-IIA এর মৌল দ্বিযোজী এবং জারণ সংখ্যা +2 হয়।

অতএব, S ব্লক মৌলগুলোর যোজনী 1 ও 2 এবং জারণ সংখ্যা +1 ও +2। অর্থাৎ, যোজনী এবং জারণ সংখ্যা স্থির।

❑ P ব্লক মৌলের সাধার বৈশিষ্ট্য আলোচনা:

- ধাতু ও গ্রাফাইট ব্যতীত P ব্লকের অন্য সকল মৌল তাপ ও বিদ্যুৎ কুপরিবাহী। অপধাতু সমূহ ও অর্ধ-পরিবাহী।
- বেশিরভাগ তড়িৎ ঋণাত্মক অধাতু।
- একই পর্যায়ে বাম থেকে ডানদিকে মৌলের পারমাণবিক সংখ্যা বৃদ্ধির সাথে যোজ্যতা ইলেক্ট্রন সংখ্যা বৃদ্ধি পায়। কিন্তু, শক্তিস্তর একই থাকে। ফলে মৌলসমূহের পা. আকার হ্রাস পায়। অধাতব ধর্ম ধর্ম হ্রাস পায়।
- পরিবর্তনশীল জারণ মান প্রদর্শন করে।
- S ব্লক এবং P ব্লক মৌল সমূহকে আদর্শ বা প্রতিরূপী মৌল বলা হয়।
- ক্ষার ধাতু ⟶ গ্রুপ-1
- মৃৎক্ষার ধাতু ⟶ গ্রুপ-2
- চ্যালকোজেন ⟶ গ্রুপ -16
- নিষ্ক্রিয় গ্যাস ⟶ গ্রুপ-18
- হ্যালোজেন ⟶ গ্রুপ-17
- মুদ্রাধাতু ⟶ Cu, Ag, Au

❑ নিষ্ক্রয় গ্যাসসমূহের নিষ্ক্রিয়তার কারণ-

নিষ্ক্রিয় গ্যাসসমূহের ইলেক্ট্রন বিন্যাস লক্ষ্য করলে দেখা যায়-

এদের সর্ব:বহিস্থ শক্তিস্তরে ইলেক্ট্রন বিন্যাস হচ্ছে $ns^2\, np^6\, (He \rightarrow 1s^2)$। অর্থাৎ, এদের সর্ববহি:স্থ শক্তিস্তরের ইলেক্ট্রন অধিকতর স্থায়ী। অধিকতর স্থায়ী ইলেক্ট্রন বিন্যাসের কারণে নিষ্ক্রিয় গ্যাসের আয়নিক বা সমযোজী বন্ধন গঠন সম্ভব নয়। তাই এরা রাসায়নিকভাবে নিষ্ক্রিয়।

কতিপয় P ব্লক মৌলের বৈশিষ্ট্য

প্রশ্ন: NCl_5 এর অস্তিত্ব নেই কিন্তু PCl_5 এর অস্তিত্ব আছে-ব্যাখ্যা কর।

NCl_5 এর অস্তিত্ব নেই কিন্তু PCl_5 এর অস্তিত্ব আছে:

এর মূল কারণ হলো নাইট্রোজেন এবং ফসফরাসের ইলেকট্রন বিন্যাস। এদের ইলেকট্রন বিন্যাস:

$N_7 = 1s^2\ 2s^2\ 2p_x^1\ 2p_y^1\ 2p_z^1$ [তিনটি বিজোড় ই]

$P_{15} \rightarrow 1s^2\ 2s^2\ 2p^6\ 3s^2\ 3p_x^1\ 3p_y^1\ 3p_z^1$ [তিনটি বিজোড় ই]

$P_{15} \rightarrow 1s^2\ 2s^2 2p^6\ 3s^1\ 3p_x^1\ 3p_y^1\ 3p_z^1\ 3dxy^1$

$Cl_{17} \rightarrow 1s^2\ 2s^2\ 2p^6\ 3s^2\ 3p_x^2\ 3p_y^2\ 3p_z^1$

নাইট্রোজেন এবং ফসফরাস যোজ্যতা স্তরে তিনটি করে বিজোড় ইলেকট্রন রয়েছে। তাই উভয়ের সাথে তিনটি করে ক্লোরিন পরমাণু অরবিটাল অধিক্রমন করে NCl_3 এবং PCl_3 গঠন করে। কিন্তু উত্তেজিত অবস্থায় ফসফরাস পরমাণু তার $3s$ অরবিটাল হতে একটি ইলেকট্রন খালি 3d অরবিটাল স্থানান্তর করে। উত্তেজিত অবস্থায় ফসফরাসের মোট বিজোড় ইলেকট্রন 5টি। এই 5টি বিজোড় ইলেকট্রনের সাথে 5টি ক্লোরিন পরমাণু অরবিটাল অধিক্রমণ করে PCl_5 গঠন করে। নাইট্রোজেনের ক্ষেত্রে 2d অরবিটাল নেই। তাই তার ক্ষেত্র ইলেকট্রন বিন্যাসের একধরণের সম্প্রসারণ সম্ভব নয় এটি $\mathrm{NCl_5}$ গঠন করেনা।

Problems

প্রশ্ন: NCl_5 এর অস্তিত্ব নেই কিন্তু N_2O_5 এর অস্তিত্ব আছে ব্যাখ্যা কর।

N, Cl এবং O এর ইলেকট্রন বিন্যাস-

$$N_7 \rightarrow 1s^2\ 2s^2\ 2p_x^1\ 2p_y^1\ 2p_z^1$$

$$Cl_{17} \rightarrow 1s^2\ 2s^2\ 2p^6\ 3s^2\ 3p_x^2\ 3p_y^2\ 3p_z^1$$

$$O_8 \rightarrow 1s^2\ 2s^2\ 2p_x^1\ 2p_y^1\ 2p_z^1$$

নাইট্রোজেনের যোজ্যতা স্তরে তিনটি বিজোড় ইলেকট্রন রয়েছে। তাই একটি নাইট্রোজেন পরমাণু তিনটি ক্লোরিন পরমাণুর সাথে NCl_3 গঠন করে। নাইট্রোজেনের ক্ষেত্রে $2d$ অরবিটাল নেই। তাই এর ক্ষেত্রে উত্তেজিত অবস্থায় নাইট্রোজেন পরমাণু এর $2s$ অরবিটাল হতে ইলেকট্রন স্থানান্তর করে বিজোড় ইলেকট্রন সৃষ্টি সম্ভব নয়। তাই এটি NCl_5 গঠন করেনা। অপরদিকে অক্সাইড গঠনের সময় অক্সিজেন অধিক তড়িৎ ঋণাত্মক হওয়ায় এটি নাইট্রোজেনের $2s$ অরবিটালের নি:সঙ্গ ইলেকট্রন যুগল সন্নিবেশ বন্ধনের মাধ্যমে শেয়ার করতে পারে। ফলে অক্সাইড গঠনের ক্ষেত্রে নাইট্রোজেন সমযোজ্যতা 5 প্রদর্শনের মাধ্যমে N_2O_5 গঠন করে।

O O
N N
O O O

Problems

প্রশ্ন: গ্রাফাইট বিদ্যুৎ পরিবাহী কিন্তু হীরক বিদ্যুৎ অপরিবাহী কেন? ব্যাখ্যা কর।

গ্রাফাইট ও হীরক হলো কার্বনের রূপভেদ।

কার্বনের ইলেকট্রন বিন্যাস নিম্নরূপ: $C \rightarrow 1s^2\ 2s^2\ 2p_x^1\ 2p_y^1\ 2p_z^0$

গ্রাফাইটের গঠন

গ্রাফাইটের প্রতিটি পরমাণু sp^2 সংকরিত। গ্রাফাইটে প্রতিটি কার্বন পরমাণু sp^2 সংকরিত। গ্রাফাইটে কার্বন পরমাণুসমূহ সমতলীয় স্তারাকারে অবস্থিত। প্রতিটি কার্বন পরমাণু অপর তিনটি কার্বন পরমাণুর সাথে বন্ধন সৃষ্টি করে। আবার ছয়টি কার্বন পরমাণু একটি সুষম ষড়ভুজের সৃষ্টি করে। সুতরাং প্রতিটি স্তরে একটি ষড়ভুজী জালের সৃষ্টি হয়। কার্বন পরমাণু সমূহ এই জালের প্রতিটি কোণে $120°$ অবস্থিত। এ স্তরসমূহের মধ্যে দুর্বল ভ্যান্ডাওয়ালস আকর্ষণ শক্তি বিদ্যমান। স্তসসমূহের মধ্যে কোন রাসায়নিক বন্ধন না থাকায় এরা একে অন্যের ওপর দিয়ে চলাচল করতে পারে। এ কারণে গ্রাফাইট নরম এবং পিচ্ছিল।

উল্লেখযোগ্য ব্যাপার হচ্ছে, প্রতিটি পরমাণুর চারটি যোজ্যতা ইলেকট্রনের মধ্যে তিনটি ইলেকট্রন তিনটি কার্বন পরমাণুর সাথে বন্ধন সৃষ্টিতে ব্যবহৃত হয়। অপারেট ইলেকট্রন গুলো মোটামুটিভবে মুক্ত থাকে। এ মুক্ত ইলেকট্রন গ্রাফাইটের মধ্যে দিয়ে বিদ্যুৎ পরিবহন করে। ফলে গ্রাফাইট একমাত্র অধাতু, যা বিদ্যুৎ সুপরিবাহী।

ডায়মন্ড হীরকের গঠন

হীরকে প্রতিটি পরমাণু sp^3 সংকরিত। হীরকের গঠনে কার্বনের চারটি যোজ্যতায় ব্যবহৃত হয়। প্রতিটি কার্বন পরমাণু একটি সুষম চতুস্তলকের কোণে অবস্থিত থেকে এর চারদিকে চতুস্তলকের চারটি কোণে অবস্থিত অপর চারটি কার্বন পরমাণুর সাথে তাদের যোজ্যতা ইলেকট্রন এর মাধ্যমে শক্তিশালী সমযোজী বন্ধন সৃষ্টি করে বন্ধন কোণ $109.5°$। এভাবে অসংখ্য কার্বন পরমাণু পরস্পরের সাথে যুক্ত হয়ে অতি বৃহৎ একটি অণু তৈরি করে। হীরকের প্রতিটি কার্বনের সকল যোজ্যতা ইলেকট্রন অপর চারটি কার্বনের সাথে বন্ধন সৃষ্টিতে ব্যবহৃত হয়। একারণে তাতে কোনো মুক্ত ইলেকট্রন থাকে না।

অতএব হীরক বিদ্যুৎ পরিবহন করে না।

[অনেকগুলো সমযোজী বন্ধন ছিন্ন করতে হয় বলে হীরার গলনাঙ্ক খুব বেশি]

Problems

প্রশ্ন: CCl_4 আর্দ্র বিশ্লেষিত হয়না, কিন্তু $SiCl_4$ আর্দ্র বিশ্লেষিত হয়-ব্যাখ্যা কর/কার্বন ও সিলিকনের আর্দ্রবিশ্লেষণ ব্যাখ্যা কর।

কার্বন এবং সিলিকনের ইলেক্ট্রন বিন্যাস নিম্নরূপ:

$$C_6 \rightarrow 1s^2\ 2s^2\ 2p^2$$

$$Si \rightarrow 1s^2\ 2s^2\ 2p^6\ 3s^2$$

ইলেকট্রন বিন্যাস হতে দেখা যায়, সিলিকন তৃতীয় পর্যায়ের মৌল। এর শুধু d অরবিটাল আছে। আদ্র বিশ্লেষণের প্রথম শর্ত হলো কেন্দ্রীয় পরমাণুর অন্তত একটি ফাঁকা d অরবিটাল থাকা প্রয়োজন। ঐ ফাকা d অরবিটালের সাথে পানির অণুর অক্সিজেন পরমাণুর নি:সঙ্গ ইলেকট্রন যুগল একটি সন্নিবেশ বন্ধন যেন করতে পারে। তাই $SiCl_4$ পানিতে দ্রবীভূত করলে পানির অণুর নিঃসঙ্গ ইলেকট্রন যুগল সিলিকনের d অরবিটালে সরবরাহ করে সন্নিবেশ বন্ধন সৃষ্টির মাধ্যমে অন্তর্বর্তী যৌগ বা মধ্যক সৃষ্টি করে। পরে এই মধ্যক হলে HCl অণু অপসারিত হয়।

$$SiCl_4 + H_2O \longrightarrow Cl_3Si \leftarrow :O \longrightarrow Cl_3Si-O + HCl$$

এরূপে চার ধাপে পানির অণুর সাথে বিক্রিয়ায় $SiCl_4$ এর চারটি Cl পরমানুর চারটি $-OH$ মূলক দ্বারা প্রতিস্থাপিত হয়ে থাকে।

$SiCl_4 + 4H_2O \rightarrow Si(OH)_4 + 4HCl$

$CCl_4 + H_2O \rightarrow$ কোনো বিক্রিয়া ঘটেনা।

সিলিকন তৃতীয় পর্যায়ের মৌল। ফলে এর d অরবিটাল রয়েছে এবং এর দ্বারা অষ্টক সম্প্রসারণ সম্ভব। এজন্য এটি আর্দ্র বিশ্লেষিত হয়।

কিন্তু কার্বন দ্বিতীয় পর্যায়ের মৌল। এর d অরবিটাল নেই। তাই এর দ্বারা অষ্টক সম্প্রসারণ সম্ভব নয়। তাই এটি আর্দ্র বিশ্লেষিত হয় না।

Problems

তড়িৎ ঋণাত্মকতা-

$$C = 2.5$$

$$Cl = 3.00$$

এদের পার্থক্য $= 0.5$

এরা অপোলার যৌগ।

$$Si = 1.8$$

$$Cl = 3$$

এদের পার্থক্য $= 1.2$

এরা পোলার যৌগ।

Problems

প্রশ্ন: Al_2O_3 উভয়ধর্মী ব্যাখ্যা কর।

Al_2O_3 উভয়ধর্মী অক্সাইড। তাই এটি পৃথকভাবে অম্ল (HCl) ও গাঢ় ক্ষার $(NaOH)$ দ্রবণের সাথে বিক্রিয়া প্রতিক্ষেত্রে লবণ ও পানি উৎপন্ন করে।

$$Al_2O_3 + 6HCl_{(aq)} \rightarrow 2AlCl_{3(aq)} + 3H_2O_{(L)}$$

$$Al_2O_{3(s)} + 2NaOH_{(aq)} \rightarrow 2NaAlO_{2(aq)} + H_2O_{(l)}$$

প্রশ্ন: $CuSO_4$ এর জলীয় দ্রবণ অম্লধর্মী কেন?

$$CuSO_4 + 2H_2O \leftrightarrows Cu(OH)_2 + H_2SO_4$$

সবল এসিড উৎপন্ন হওয়ার কারণে জলীয় দ্রবণ অম্লধর্মী হবে।

প্রশ্ন: $AlCl_3$ এর জলীয় দ্রবণ অম্লধর্মী কেন?

$$AlCl_3 + H_2O \rightleftarrows Al(OH)_3 + HCl$$

সবল এসিড উৎপন্ন হওয়ার কারণে জলীয় দ্রবণ অম্লধর্মী হবে।

Problems

প্রশ্ন: $NaCl$ এর জলীয় দ্রবণ নিরপেক্ষ কেন?

$NaCl + H_2O \rightarrow Na^+ + Cl^- + H^+ + OH^-$

যেহেতু এটি সবল এসিড ও সবল ক্ষার এর মিশ্রণ তাই এর জলীয় দ্রবণ নিরপেক্ষ হবে।

প্রশ্ন: অসাম্যঞ্জস্যতা বিক্রিয়া কাকে বলে? উদাহরণ দাও।

যে বিক্রিয়ায় কোনো মৌলের দুটি পরমাণুর একই সাথে জারণ ও বিজারণ সংগঠিত হয় তাকে অসামঞ্জস্যতা বিক্রিয়া বলে।

যেমন: পানির সাথে Cl_2 ধীরে বিক্রিয়া করে হাইড্রোক্লোরিক এসিড (HCl) ক্লোরিক এসিড $Ik)$ $(HOCl)_{(aq)}$ উৎপন্ন করে।

এক্ষেত্রে ক্লোরিনের দুটি পরমাণুর মধ্যে একই সাথে জারণ ও বিজারণ হয়। এ বিক্রিয়াকে অসামঞ্জস্যতা বিক্রিয়া বলে।

$$Cl_2(g) + H_2O \rightarrow 2HC_{1(aq)} + OHCl_{(aq)}$$

উৎপন্ন HCl এর বেলায় জারণ সংখ্যা -1 হওয়ায়, এক্ষেত্রে Cl পরমাণুর বিজারণ ঘটেছে।

$HOCl$ এর বেলায় Cl এর জারণ সংখ্যা +1 হওয়ায়, এক্ষেত্রে Cl পরমানুর জারণ ঘটেছে।

মৌলিক অবস্থায় Cl_2 এর জারণ সংখ্যা 0।

Problems

প্রশ্ন: নিম্নে তাপমাত্রায় $AlCl_3$ ডাইমার বা Al_2Cl_6 গঠন করে- ব্যাখ্যা কর।

$AlCl_3$ ও Al^{3+}এর চার্জ ঘনত্ব বেশি হওয়ার কারণে এর পোলারায়ন ক্ষমতা বেশি ফলে যৌগটির মধ্যে সমযোজী বৈশিষ্ট্য প্রকাশ করে। এতে চারদিকে অষ্টক অপূর্ণ থাকে ফলে পাশাপাশি দুটি $AlCl_3$ সন্নিবেশ বন্ধন গঠনের মাধ্যমে ডাইমার বা Al_2Cl_6 গঠন করে।

Cl •× Al ×• Cl
×
•
Cl

মনোমার

Cl Cl: Cl
Al Al
:Cl Cl

ডাইমার

[Note: উল্লেখযোগ্য যে, বোরণ পরমাণুর আকার ছোট হওয়ায় এ চারদিকে চারটি Cl পরমাণু অবস্থান করতে পারে না তাই BCl_3 ডাইমার গঠন করে না]

Problems

প্রশ্ন: CO_2 সাধারণ তাপমাত্রায় গ্যাস, কিন্তু SiO_2 কঠিন পদার্থ- ব্যাখ্যা কর।

অথবা, Si ও C এর অক্সাইডের ভৌত ধর্ম ভিন্ন কেন?

যে সমস্ত সমযোজী যৌগ বৃহদাকার পলিমার গঠন করে অর্থাৎ যাদের আণবিক ভর অত্যাধিক বেশি হয়। CO_2 ও SiO_2 উভয়ই সমযোজী যৌগ।

CO_2 অপোলার সমযোজী অণু বলে এর অণুসমূহের মধ্যে দুর্বল ভ্যান্ডারওয়ালস বল বিদ্যমান এবং এর অণুসমূহ একক অণু হিসাবে বিরাজ করে। অর্থাৎ CO_2 একটি মনোমার। তাই এটি সাধারণ তাপমাত্রায় গ্যাসীয়। অপরপক্ষে SiO_2 সমযোজী যৌগ হওয়া সত্ত্বেও সিলিকনের পরমাণু অক্সিজেনের 4টি পরমাণুর সাথে যুক্ত হয়ে পলিমার অণু গঠন করে অর্থাৎ SiO_2 একটি পলিমার। এতে করে SiO_2 এর আণবিক ভর অত্যাধিক পরিমাণ বেড়ে যায়। তাই এর গলনাঙ্ক ও স্ফুটনাঙ্ক বেশি। ফলে সাধারণ তাপমাত্রা সিলিকন ডাই অক্সাইড কঠিন অবস্থায় বিরাজ করে। তাই এর সংকেত $(SiO_2)_n$ লেখা হয়।

— Si — O — Si — O — Si — O

O O O

— Si — O — Si — O — Si — O

O O O

— Si — O — Si — O — Si — O

O O O

Problems

প্রশ্ন: অক্সিজেনের চেয়ে নাইট্রোজেনের অধিক সুস্থিত অণু হয় কেন?

অক্সিজেন নাইট্রোজেন অধিক সুস্থিত হয়। কারণ O_2 অনুর ক্ষেত্রে প্রতিটি অক্সিজেন পরমাণুতে দুই জোড়া মুক্তজোড় ইলেকট্রন থাকে। অপরপক্ষে, N_2 অণুর ক্ষে প্রতিটি নাইট্রোনের পরমাণুতে মাত্র এক জোড়া মুক্তজোড় ইলেকট্রন থাকে। ফলে O_2 অণুর মধ্যে বিকর্ষণ বল N_2 অণু অপেক্ষা কিছুটা অধিক হয়। অর্থাৎ N_2 অনুর মধ্যে বিকর্ষণ বল কম হয় এবং $N \equiv N$ আকর্ষণ অনেক বেশি একারণেই নাইট্রোজেনের অণু অক্সিজেন অপেক্ষা অধিক সুস্থিতি অর্জন করে। নিষ্ক্রিয় গ্যাস এর পর সবচেয়ে বেশি নিষ্ক্রিয় মাধ্যম হিসেবে N_2 ব্যবহার করা হয়।

প্রশ্ন: NH_3 ও PH_3 এর মধ্যে কোনটি বেশি ক্ষার এবং কেন?

অথবা, N ও P এর হাইড্রাইডের ক্ষার ধর্ম তুলনা কর।

NH_3 ও PH_3 এর ক্ষারধর্মিতা:

অ্যামোনিয়া ও ফসফিন উভয় যৌগের অণুতে নিঃসঙ্গ ইলেকট্রন যুগল থাকার উভয় যৌগ নিঃসঙ্গ ইলেকট্রন দ্বারা প্রোটন এর সাথে সন্নিবেশ বন্ধন গঠন করতে পারে। অর্থাৎ প্রোটন গঠন করে। তাই NH_3 ও PH_3 উভয়ই ক্ষারধর্মী।

$$H_3N: H^+ \rightarrow [H_3N \rightarrow H]^+ \text{ বা, } NH_4^+$$

$$H_3P: H^+ \rightarrow [H_3P \rightarrow H]^+ \text{ বা, } PH_4^+$$

তবে PH_3 অপেক্ষা NH_3 অধিক ক্ষারধর্ম প্রদর্শন করে। এর দুটি কারণ রয়েছে-

1. P এর তড়িৎ ঋণাত্মকতার চেয়ে নাইটেট্রাজেনের তড়িৎ ঋণাত্মকতা বেশি। অধিক তড়িৎ ঋণাত্মকতার কারণে $P-H$ বন্ধনের তুলনায় $N-H$ এর বন্ধনের ইলেকট্রন মেঘের ঘনত্ব N পরমাণুর দিকে অধিক আকৃষ্ট হয়।

2. দ্বিতীয় কারণ হলো ফসফরাসের পারমাণবিক ব্যাসার্ধ $(0.11)nm$ এর তুলনায় নাইট্রোজেনের পারমাণবিক ব্যাসার্ধ $(0.074nm)$ ছোট হওয়া।

ফসফরাসের পরমাণুর তুলনায় N পরমাণুর আকার ছোট হওয়ায় উক্ত বন্ধন ইলেকট্রন মেঘ ও নি:সঙ্গ ইলেকট্রন মেঘের নিট ঘনত্ব N পরমাণুতে তুলনামূলক ভাবে বেশি থাকে। ফলে PH_3 এর P পরমাণুর তুলনায় NH_3 এর N পরমাণু কর্তৃক প্রোটন গ্রহণ বা ইলেকট্রন প্রদান ক্ষমতা বেশি হয়। তাই ফসফিনের চেয়ে অ্যামোনিয়া তীব্রতর ক্ষার।

Problems

প্রশ্ন: পানি উভধর্মী-ব্যাখ্যা কর।

H_2O প্রোটন দাতা ও প্রোটন গ্রহীতা উভয়রূপে ক্রিয়া করে। এজন্য পানিকে উভধর্মী যৌগ বলে।

এছাড়া H_2O_2 (হাইড্রোজেন পারঅক্সাইড) অম্লধর্মী অক্সাইড।

অম্লরূপে H_2O প্রোটন দাতা:

$$H_2O + NH_3 \rightarrow NH_4^+ + OH^-_{(aq)}$$

ক্ষাররূপে H_2O প্রোটন গ্রহীতা:

$$H_2O + HCl \rightarrow H_3O^+ \rightarrow Cl^-_{(aq)}$$

হাইড্রাসিডের শক্তি ক্রম- $HI > HBr > HCl > HF$

Problems

প্রশ্ন: লঘু দ্রবণে HF দুর্বল এসিড কিন্তু HCl তীব্র এসিড কেন?

ছোট পারমাণবিক আয়তন ও তীব্র তড়িৎ ঋণাত্মকতার জন্য F পরমাণু হাইড্রোজেন বন্ধনের মাধ্যমে একাধিক HF অণুকে সংযোজিত করে। সংযোজিত HF অণুর H পরমাণু H বন্ধনে আবদ্ধ হয়ে H^+ আয়ন সহজে বিচ্ছিন্ন হয়না বলে HF লঘু দ্রবণে মৃদু এসিড ধর্ম দেখায়। অন্যদিকে, Cl পরমাণুর পারমাণবিক আকার অপেক্ষাকৃত বড় এবং তড়িৎ ঋণাত্মকতা F এর চেয়ে কম হওয়ায় H_2O এর সাথে H বন্ধন গঠন করতে পারেনা। সেইজন্য HCl একক অনুরূপে বিরাজ করে এবং জলীয় দ্রবণে এটি হতে H^+ সহজে বিচ্ছিন্ন হয় বলে HCl তীব্র এসিড।

Note: যে পদার্থ যত দ্রুত H^+ আয়ন দান করে সে তত শক্তিশালী এসিড।

Problems

প্রশ্ন: d ব্লক মৌলের সাধারণ বৈশিষ্ট্য আলোচনা কর।

⟶ ১. এরা পর্যায় সারণিতে B উপশ্রেণীর অন্তর্গত।

২. বহি:স্থ দুটি শক্তিস্তরের ইলেকট্রনীয় কাঠামো $(n-1)d^{1-10}\ ns^1$ [$n =$ সর্ববহি:স্থ শক্তিস্তর]

৩. মৌলগুলো সবগুলোই ধাতু।

৪. সব অবস্থান্তর মৌলই d ব্লক মৌলের অন্তর্গত কিন্তু সব d ব্লক মৌলই অবস্থান্তর মৌল নয়।

৫. এরা সাধারণত উচ্চ গলনাঙ্ক ও স্ফুটনাঙ্ক বিশিষ্ট।

৬. পরিবর্তনশীল যোজ্যতা প্রদর্শন কর।

Problems

প্রশ্ন: অবস্থান্তর মৌল ও অন্ত:অবস্থান্তর মৌল বলতে কী বুঝ? তাদের ইলেক্ট্রন বিন্যাস লিখ এবং তাদের জন্য ইলেকট্রন বিন্যাসের সাধারণ সংকেত লিখ।

⟶ অবস্থান্তর মৌল: যেসব d ব্লক মৌলের যেকোন সুস্থিত আয়নের d অরবিটাল আংশিকভাবে ইলেকট্রন দ্বারা পূর্ণ থাকে (d^{1-9}) তাদের অবস্থান্তর মৌল বলে।

D ব্লক মৌল ⟶ স্থিতিশীল আয়ন $\{d^{1-9}\}$ ⟶ অবস্থান্তর মৌল

বা যেসব d ব্লক মৌল অন্তত এমন একটি আয়ন গঠন করে, যার ইলেকট্রন বিন্যাস d অরবিটাল আংশিকভাবে পূর্ণ (d^{1-9}) থাকে, তাদেরকে অবস্থান্তর মৌল বলা হয়।

যেমন: Fe (আয়রন) d ব্লক মৌল ও অবস্থান্তর মৌল। কারণ আয়রন এবং আয়রনের সুস্থিত আয়নের ইলেকট্রন বিন্যাস:

$Fe_{26} \rightarrow 1s^2\ 2s^2\ 2p^6\ 3s^2\ 3p^6\ 3d^6\ 4s^2$

$Fe^{2+} \rightarrow 1s^2\ 2s^2\ 2p^6\ 3s^2\ 3p^6\ 3d^6$

$Fe^{3+} \rightarrow 1s^2\ 2s^2\ 2p^6\ 3s^2\ 3p^6\ 3d^5$

Problems

প্রশ্ন: অবস্থান্তর মৌল ও অন্ত:অবস্থান্তর মৌল বলতে কী বুঝ? তাদের ইলেক্ট্রন বিন্যাস লিখ এবং তাদের জন্য ইলেকট্রন বিন্যাসের সাধারণ সংকেত লিখ।

অবস্থান্তর মৌল: যেসব মৌলের নিজেদের বা কোন সুস্থিত আয়নের ইলেকট্রন বিন্যাসে f অরবিটাল আংশিকভাবে পূর্ণ থাকে অর্থাৎ f^{1-13} হয়, তাদেরকে অভ্যন্তরীণ অবস্থান্তর মৌল বা অন্ত:অবস্থান্তর মৌল বলে।

এদেরকে f ব্লক মৌলও বলা হয়। তাদের ইলেকট্রন বিন্যাস সাধারণত নিম্নরূপে দেখানো যেতে পারে-

$$(n-1)f^{1-13}(n-1)s^2(n-1)p^6(n-1)d^{0-1}ns^2$$

যেমন- $Ce_{(58)}$ হলে $Lu_{(73)}$ পর্যন্ত তাই 14টি মৌল এবং Po_{91} হলে $Lr_{(103)}$ পর্যন্ত এই 13টি মৌলসহ মোট 27টি মৌল এ শ্রেণীর অন্তভুক্ত।

Problems

প্রশ্ন: অবস্থান্তর মৌল ও অন্ত:অবস্থান্তর মৌল বলতে কী বুঝ? তাদের ইলেক্ট্রন বিন্যাস লিখ এবং তাদের জন্য ইলেকট্রন বিন্যাসের সাধারণ সংকেত লিখ।

ইলেকট্রন বিন্যাস-

$Sc(21) \rightarrow 1s^2\ 2s^2\ 2p^6\ 3s^2\ 3p^6\ 3d^1\ 4s^2$

$Ti(22) \rightarrow 1s^2\ 2s^2\ 2p^6\ 3s^2\ 3p^6\ 3d^2\ 4s^2$

$V(23) \rightarrow 1s^2\ 2s^2\ 2p^6\ 3s^2\ 3p^6\ 3d^3\ 4s^2$

$Cr(24) \rightarrow 1s^2\ 2s^2\ 2p^6\ 3s^2\ 3p^6\ 3d\ 4s$

$Mn(25) \rightarrow 1s^2\ 2s^2\ 2p^6\ 3s^2\ 3p^6\ 3d^5\ 4s^2$

$Fe(26) \rightarrow 1s^2\ 2s^2\ 2p^6\ 3s^2\ 3p^6\ 3d^6\ 4s^1$

$Ni(27) \rightarrow 1s^2\ 2s^2\ 2p^6\ 3s^2\ 3p^6\ 3d^8\ 4s^2$

$Ca(28) \rightarrow 1s^2\ 2s^2\ 2p^6\ 3s^2\ 3p^6\ 3d^7\ 4s^2$

$Cu(29) \rightarrow 1s^2\ 2s^2\ 2p^6\ 3s^2\ 3p^6\ 3d^{10}\ 4s^1$

$Zn(30) \rightarrow 1s^2\ 2s^2\ 2p^6\ 3s^2\ 3p^6\ 3d^{10}\ 4s^2$

সাধারণ ইলেকট্রন বিন্যাস: $1s^2\ 2s^2\ 2p^6\ 3s^2\ 3p^6\ 4s^{1-2}\ 3d^{1-10}$

Problems

প্রশ্ন: d ব্লক মৌল এবং অবস্থান্তর মৌলের মধ্যে পার্থক্য লিখ।

আলোচ্য বিষয়	d ব্লক মৌল	অবস্থান্তর মৌল
সংজ্ঞা	যেসব মৌলের ইলেকট্রন বিন্যাসের সর্বশেষ ইলেকট্রনটি d অরবিটালে যায় তাদেরকে d ব্লক মৌল বলে।	যেসব d ব্লক মৌল অন্তত এমন একটি আয়ন গঠন করে, যার ইলেকট্রন বিন্যাসে d অরবিটাল আংশিক ভাবে পূর্ণ (d^{1-9}) থাকে, তাদেরকে অবস্থান্তর মৌল বলে।
পারস্পরিক	সব অবস্থান্তর মৌলই d ব্লক মৌল।	সব d ব্লক মৌল অবস্থান্তর মৌল নয়।
জারণ অবস্থা	সব d ব্লক মৌল পরিবর্তনশীল জারণ অবস্থা প্রদর্শন করেনা।	সব অবস্থান্তর মৌল পরিবর্তনশীল জারণ অবস্থা প্রদর্শন করে।
রঙিন যৌগ	সব d ব্লক মৌলের যৌগের বর্ণ রঙিন হয় না।	সব অবস্থান্তর মৌলের যৌগের বর্ণ রঙিন হয়।
উদাহরণ	Sc হতে Zn এই দশটি মৌলই d ব্লক	Sc হতে Zn এর মধ্যে Sc ও Zn ছাড়া বাকী আটটি মৌল অবস্থন্তর মৌল।

Zn/Sc এর দ্বারা গঠিত লবণের বর্ণ সাদা হয়।

Problems

প্রশ্ন: সকল d ব্লক মৌল অবস্থান্তর মৌল নয় কিন্তু সকল সকল অবস্থান্তর মৌল d ব্লক মৌল- ব্যাখ্যা কর।

⟶ d ব্লক মৌল: যেসকল মৌলের ইলেক্ট্রন বিন্যাসে সর্বশেষ ইলেকট্রনটি d অরবিটালে যায় তাদেরকে d ব্লক মৌল বলে। যেমন- Sc ও Fe হলো d ব্লক মৌল। তাদের ই বিন্যাস-

$Sc(21) \rightarrow 1s^2\ 2s^2\ 2p^6\ 3s^2\ 3p^6\ 3d^1\ 4s^2$ $\quad Fe(26) \rightarrow 1s^2\ 2s^2\ 2p^6\ 3s^2\ 3p^6\ 3d^6\ 4s^2$

অবস্থান্তর মৌল: যেসব d ব্লক মৌল অন্ততক এমন একটি আয়ন গঠন করে, যার ইলেকট্রন বিন্যাসে d অরবিটাল আংশিকভাবে পূর্ণ (d^{1-9}) থাকে, তাদেরকে অবস্থান্তর মৌল বলা হয়।

সংজ্ঞামতে, ৪র্থ পর্যায়ের d ব্লকভুক্ত Sc ও Zn এ দুটি মৌল অবস্থান্তর মৌল নয়। কারণ এরা কেবল Sc^{3+} আয়ন ও Zn^{2+} আয়ন গঠন করে।

$Sc^{3+} \rightarrow 1s^2\ 2s^2\ 2p^6\ 3s^2\ 3p^6\ 3d^0$ $\quad Zn^{2+} \rightarrow 1s^2\ 2s^2\ 2p^6\ 3s^2\ 3p^6\ 3d^{10}$

Sc^{3+} আয়নের ইলেকট্রন বিন্যাসে $3d$ অরবিটালে কোন ইলেকট্রন নেই এবং Zn^{2+} আয়নের ইলেকট্রন বিন্যাসে 3d অরবিটাল পূর্ণ অর্থাৎ $3d^{10}$ থাকে।

Problems

প্রশ্ন: সকল d ব্লক মৌল অবস্থান্তর মৌল নয় কিন্তু সকল সকল অবস্থান্তর মৌল d ব্লক মৌল- ব্যাখ্যা কর।

অপরদিকে, Fe d ব্লক মৌল ও অবস্থান্তর মৌল উভয়ই। কারণ আয়রণ এবং আয়রনের সুস্থিত আয়নের ইলেকট্রন বিন্যাস-

$Fe(26) \rightarrow 1s^2\ 2s^2\ 2p^6\ 3s^2\ 3p^6\ 3d^6\ 4s^2$

$Fe^{2+} \rightarrow 1s^2\ 2s^2\ 2p^6\ 3s^2\ 3p^6\ 3d^6$

$Fe^{3+} \rightarrow 1s^2\ 2s^2\ 2p^6\ 3s^2\ 3p^6\ 3d^5$

আয়রনের সুস্থিত আয়রন Fe^{2+} ও Fe^{3+} এর ইলেকট্রন বিন্যাসে d অরবিটাল আংশিকভাবে পূর্ণ।

Sc হতে Zn এই দশটি মৌলের সবাই d ব্লক মৌল। কিন্তু Sc ও Zn ছাড়া বাকি আটটি অবস্থান্তর মৌল।

অর্থাৎ, যারা অবস্থান্তর মৌল তারা ঠিকই d ব্লক মৌল কিন্তু সব d ব্লক মৌল অবস্থান্তর মৌল নয়।

Problems

প্রশ্ন: প্যারাম্যাগনেটিক, ফেরোম্যাগনেটিক ও ডায়াম্যাগনেটিক মৌল বলতে কি বুঝ?

⟶ প্যারাম্যাগনেটিক- কোনো পরমাণু বা তার আয়নের শেষ কক্ষপথে যদি বিজোড় বা অযুগ্ম ইলেকট্রন থাকে, তখন তা প্যারাচৌম্বক হিসেবে কাজ করে। (Cr, Mn, V, T)

ফেরোম্যাগনেটিক- যেসব পরমাণু বা আয়নে অধিক সংখ্যক বিজোড় ইলেকট্রন থাকে এবং চৌম্বকক্ষেত্র দ্বারা সবলভাবে আকৃষ্ট হয়, তারা ফেরোম্যাগনেটিক। (Fe, Co, N)

যায়াম্যাগনেটিক- অবস্থান্তর ধাতু যেসকল আয়নে d ইলেকট্রন সমূহ সম্পূর্ণভাবে জোড় থাকলে প্রতিটি ইলেকট্রনের প্রভাব পারস্পরিকভাবে প্রশমিত হয়।

অর্থাৎ- এক্ষেত্রে চৌম্বক ক্ষেত্র দ্বারা বিকর্ষিত হয় তাদেরকে ডায়াম্যাগনেটিক বলে। যেমন- জিংক (Zn)

Zn^{2+} আয়ন ⟶ তড়িৎ ক্ষেত্র দ্বারা আকৃষ্ট হয়না।
3d অরবিটালে কোন অযুগ্ম ইলেকট্রন নেই।

Cu^{2+} আয়ন তড়িৎ ক্ষেত্র দ্বারা দুর্বলভাবে আকৃষ্ট হয়।
3d অরবিটালে একটি মাত্র অযুগ্ম ইলেকট্রন বিদ্যমান।

Ni^{2+} আয়ন- তড়িৎক্ষেত্র দ্বারা তুলনামূলক সবলভাবে আকৃষ্ট হয়।
3d অরবিটালে দুটি অযুগ্ম ইলেকট্রন বিদ্যমান।

Mn^{4+} আয়ন- তড়িৎক্ষেত্র দ্বারা সবচেয়ে সবলভাবে আকৃষ্ট হয়।
3d অরবিটালে তিনটি অযুগ্ম ইলেকট্রন বিদ্যমান।

প্রশ্ন: অবস্থান্তর মৌলের বৈশিষ্ট্য সমূহ লিখ।

ক) এদের পরিবর্তনশীল যোজ্যতা থাকে।

খ) এরা রঙিন যৌগ গঠন করে।

গ) এরা জটিল আয়ন/যৌগ গঠন করে।

ঘ) এরা প্রভাবক রূপে কাজ করে।

ঙ) এরা প্যারাচৌম্বকীয় ধর্ম প্রদর্শন করে।

এদেরকে অবস্থান্তর মৌল বলার কারণ-

অবস্থান্তর মৌল সমূহ পরিবর্তনশীল জারণ অবস্থা দেখায়। অর্থাৎ, এদের একাধিক জারণ অবস্থা আছে। অবস্থান্তর মৌল সমূহ একটি জারণ অবস্থা থেকে আরেকটি জারণ অবস্থায় পরিবর্তিত হলে বর্ণের তথা অবস্থার পরিবর্তন ঘটে। তাই তাদেরকে অবস্থান্তর মৌল বলা হয়।

$$\underset{\text{সবুজ}}{Fe^{2+}} \rightarrow \underset{\text{বাদামী}}{Fe^{3+}} + e^{-}$$

Problems

প্রশ্ন: জটিল আয়ন ও জটিল যৌগ বলতে কী বুঝায়?

⟶ একটি অবস্থান্তর ধাতুর পরমাণু বা আয়নের সাথে একাধিক অণু বা ঋণাত্মক আয়ন সন্নিবেশ বন্ধনের মাধ্যমে যুক্ত হয়ে যে আয়ন তৈরি করে তাকে জটিল আয়ন বলা হয় এবং জটিল আয়ন বিশিষ্ট যৌগকে বলা হয় জটিল যৌগ।

যেমন: $[Cu(NH_3)_4]^{2+}, [Ag(NH_3)_2]^{2+}, [Fe(CN)_6]^{4-}$ এরা হচ্ছে জটিল আয়ন এবং $[Ag(NH_3)_2]Cl, [Zn(NH_3)_4]SO_4$ এরা হচ্ছে জটিল যৌগ।

Problems

প্রশ্ন: লিগ্যান্ড ও জটিল যৌগ সন্নিবেশ সংখ্যা কী? চারটি জটিল আয়নের নাম ও সংকেত লিখ।

⟶ লিগ্যান্ড: জটিল আয়ন বা জটিল যৌগ গঠনকালে নি:সঙ্গ ইলেকট্রন যুগল প্রদানকারী পরমাণু ঋণাত্মক আয়ন বা অণুকে লিগ্যান্ড বলে। লিগ্যান্ড কেন্দ্রীয় পরমাণু বা আয়নের সাথে সন্নিবেশ সমযোজী বন্ধনে আবদ্ধ হয়। প্রত্যেক লিগ্যান্ডে এক বা একাধিক নি:সঙ্গ ইলেকট্রন যুগল থাকে। এরা সাধারণ লুইস ক্ষারক-

যেমন- NH_3, H_2O, CO, NO, Cl^-, OH^-, CN^- ইত্যাদি। যে লিগ্যান্ডটি কেন্দ্রীয় পরমাণু বা আয়নের সাথে একটি মাত্র সন্নিবেশ বন্ধন দ্বারা আবদ্ধ হয়, তাকে মনোডেন্টেট লিগান্ড বলে। যেমন- NH_3, Cn^-

সন্নিবেশ সংখ্যা: জটিল যৌগ কেন্দ্রীয় পরমাণু লিগান্ডের সাথে যতটি সন্নিবেশ বন্ধনের মাধ্যমে যুক্ত থাকে তার সংখ্যাকে সন্নিবেশ সংখ্যা বলে।

যেমন-

$[Cu(NH_3)_4]^{2+} \rightarrow 4$

$[Ag(NH_3)_2]^{+} \rightarrow 2$

$[Fe(CN)_6]^{4-} \rightarrow 6$

Problems

প্রশ্ন: লিগ্যান্ড ও জটিল যৌগ সন্নিবেশ সংখ্যা কী? চারটি জটিল আয়নের নাম ও সংকেত লিখ।

চারটি জটিল আয়নের নাম ও সংকেত-

$\longrightarrow$ টেট্রাঅ্যাম্মিন কপার $\rightarrow [Cu(NH_3)_4]^{2+}$

$\longrightarrow$ ডাইঅ্যাম্মিন সিলভার $\rightarrow [Ag(NH_3)_2]^{+}$

$\longrightarrow$ হেক্সাসায়ানোফেরেট $\rightarrow [Fe(CN)_6]^{4-}$

$\longrightarrow$ হেক্সাঅ্যাকুয়াকোবাল্ট $\rightarrow [Co(H_2O)_6]^{3+}$

Problems

প্রশ্ন: কিলেটস যৌগ কি?/চিলেট যৌগ কি?

⟶ কিলেটস যৌগ: একই লিগ্যান্ডের দুই প্রান্তের দুই পরমাণু দ্বারা কেন্দ্রীয় পরমাণুর সাথে দুটি সন্নিবেশ বন্ধন গঠন করাকে কাঁকড়ার কামড় এর সাথে তুলনা করা হয়। উৎপন্ন যৌগকে কিলেটস যৌগ বলা হয়।যেমন-

H_2C — CH_2

$H_2N:$ $:NH_2$

M^{n+}

M^{n+} আয়নের সাথে ইথেন- 1, 2 ডাই অ্যামিন দ্বারা সৃষ্ট জটিল কিলেটস আয়ন।

Problems

প্রশ্ন: অ্যামোনিয়া একটি উৎকৃষ্ট লিগ্যান্ড- ব্যাখ্যা কর।

⟶ জটিল আয়ন বা জটিল যৌগ গঠনকালে নি:সঙ্গ ইলেকট্রন যুগল প্রদানকারী পরমাণু, অণু, ঋণাত্মক বা মূলককে লিগ্যান্ড বলে। প্রত্যেক লিগ্যান্ডে এক বা একাধিক নি:সঙ্গ ইলেকট্রন যুগল থাকে। এরা সাধারণত লুইস ক্ষারক।

যেমন- $NH_3, H_2O, CO, NO, Cl^-, OH^-, CN^-$ ইত্যাদি।

অ্যামোনিয়া প্রায় সব অবস্থায় ধাতব পরমাণু বা আয়নের সাথে জটিল যৌগ বা আয়ন সৃষ্টি করে। তাই অ্যামোনিয়া একটি উৎকৃষ্ট লিগ্যান্ড।

যেমন-

জটিল আয়ন ⟶ জটিল আয়ন

$[Cu(NH_3)_4]^{2+} \longrightarrow [Cu(NH_3)_4]SO_4$

$[Ag(NH_3)_2]^{+} \longrightarrow [Ag(NH_3)_2]Cl$

$[Zn(NH_3)_4]^{2+} \longrightarrow [Zn(NH_3)_4]SO_4$

Problems

প্রশ্ন: অবস্থান্তর ধাতুসমূহ রঙ্গিন আয়ন বা যৌগ গঠন করে- ব্যাখ্যা কর।

⟶ অবস্থান্তর ধাতু ও এদের আয়ন অপূর্ণ d অরবিটাল থাকে বলে এরা রঙিন যৌগ গঠন করে। অবস্থান্তর ধাতুর মুক্ত একক পরমাণুতে পাঁচটি d অরবিটাল সনে শক্তিসম্পন্ন থাকে, একে জিজেনাবেট অবস্থা বলে। কিন্তু যৌগ গনিকালে লিগ্যান্ডের অরবিটালের সাথে ধাতুর d অরবিটালের অধিক্রমনের কারণে d অরবিটালের মধ্যে শক্তির সামান্য উর্ধ্বমূখী ও নিম্নমূখী পার্থক্য ঘটে। নিম্নশক্তির d_{xy}, d_{yz}, d_{zx} অরবিটালত্রয়কে t_{2g} শক্তির অরবিটাল সেট এবং উচ্চ শক্তির $d_{x^2-y^2}$ ও d_{z^2} অরবিটালদ্বয়কে e_g শক্তির অরবিটাল সেট বলে। এক নন ডিজেনারেট অবস্থা বলে। ফলে, পাঁচটি d অরবিটাল সামান্য পৃথক শক্তি সম্পন্ন (ΔE) হয়ে দুটো পৃথক শক্তিস্তরে বিন্যস্ত হয়ে পড়ে।

[লিগ্যান্ডের প্রভাবে অবস্থান্তর ধাতুর আয়নের পাঁচটি অরবিটালের মধ্যে শক্তির সামান্য উধ্বমূখী ও নিম্নমূখী বিভক্তিকরণকে ক্রিস্টাল ফিল্ড ফলাফল (CFE) বলে।

তখন দুটি শক্তিস্তরের মধ্যে শক্তির যে পাথ (ΔE) হয় তা যদি দৃশ্যমান বর্ণালীর নির্দিষ্ট তরঙ্গ দৈর্ঘ্যের সাথে সঙ্গতিপূর্ণ হয়, তবে d ইলেকট্রন দৃশ্যমান অঞ্চলের ঐ আলো শোষণ করে নিম্নশক্তির d অরবিটাল থেকে উচ্চশক্তির d অরবিটালে স্থানান্তরিত হয়। দৃশ্যমান আলোর অবশিষ্ট অংশ বিভিন্ন তরঙ্গ দৈর্ঘ্য আকারে নির্গত হয়ে আমাদের চোখে বিভিন্ন বর্ণরূপে প্রতিফলিত হয়। এতে করে, প্রতিফলিত আলোর তরঙ্গ দৈর্ঘ্যের বিশেষ বর্ণ ঐ অবস্থান্তর ধাতুর জটিল আয়নের বর্ণ হয়।

Problems

প্রশ্ন: অবস্থান্তর ধাতুসমূহ রঙ্গিন আয়ন বা যৌগ গঠন করে- ব্যাখ্যা কর।

এক্ষেত্রে আয়নের বর্ণ আয়ন দ্বারা শোষিত বর্ণের সম্পূরক হয়।

$[Fe(CN)_6]^{4-}$ $[Fe(H_2O)_6]^{2+}$

↑ ↑

d_{x2-y2} d_{z2} e_g

স্থিতিশক্তি

↑↓ ↑ ↑ ↑ ↑

$\Delta E = h\nu$

3d

d_{xy} d_{yz} d_{zx}

↑↓ ↑ ↑ ↑ ↑

↑↓ ↑↓ ↑↓

↑↓ ↑ ↑

t_{2g}

ডিজেনারেট অবস্থা

Fe^{2+} আয়ন

নন-ডিজেনারেট অবস্থা

Problems

প্রশ্ন: অবস্থন্তর মৌল সমূহ জটিল যৌগ গঠন করে কেন? ব্যাখ্যা কর।

⟶ সাধারণত অবস্থান্তর ধাতুর পরমাণু বা আয়নিই জটিল যৌগ গঠনে কেন্দ্রীয় পরমাণু হিসেবে অংশ নেয়। যেমন: Ni, Ni^{2+}, Cu^{2+}, CO^{3+}, Cr^{3+} ইত্যাদিকে কেন্দ্র করে বিভিন্ন জটিল আয়ন গঠিত হয়।

$Cl^{-}, NH_3, H_2O, CN^{-}$ ইত্যাদি লিগ্যান্ডগুলো দান করে জটিল যৌগ গঠন করে। লিগ্যান্ডের সংস্পর্শে অবস্থান্তর পরমাণুর বিজোড় ইলেকট্রনগুলো অরবিটাল খালি করে পূর্ববর্তী অরবিটালে যুগল ইলেকট্রন হিসেবে স্থান নেয়। ফাঁকা অরবিটালগুলো সংকরিত হয়ে সমশক্তিসম্পন্ন সংকর অরবিটালের সাথে লিগ্যান্ডগুলো সন্নিবেশ সমযোজী বন্ধনের মাধ্যমে যৌগ গঠন করে।

Problems

মৌলের পর্যায়বৃত্ত ধর্ম কি

⟶ মৌলের যেসব ধর্ম (ভৌত ও রাসায়নিক) তাদের পারমাণবিক সংখ্যা পরিবর্তনের সাথে পর্যায়ক্রমে আবর্তিত হয় তাকে পর্যায়বৃত্ত ধর্ম বলে।

মৌলসমূহের পর্যায়বৃত্ত বা পর্যায়ভিত্তিক ধর্মের মূল কারণ হলো মৌলসমূহের ইলেকট্রন বিন্যাসের একটি নির্দিষ্ট ব্যবধানে পুনরাবৃত্তি ঘটা।

- পর্যাবৃত্ত ধর্মের মধ্যে বিশেষভাবে উল্লেখযোগ্য হচ্ছে-

  1. পারমাণবিক ব্যাসার্ধ ও আয়নিক ব্যাসার্ধ।
  2. আয়নীকরণ শক্তি।
  3. ইলেকট্রন আসক্তি।
  4. তড়িৎ ঋণাত্মকতা।
  5. গলনাংক ও স্ফুটনাংক।
  6. মৌলের যোজনী ও জারণ সংখ্যা ইত্যাদি।

আয়নীকরণ শক্তি:

একক বিচ্ছিন্ন পরমাণুর এক মোল থেকে 1 মোল e সরিয়ে নিয়ে একক ধনাত্মক মোলে পরিণত করতে যে শক্তির প্রয়োজন হয়।

$Na - e^{-} \rightarrow Na^{+} \quad \Delta H = +496KJmol^{-1}$

দ্বিতীয় আয়নিকরণ শক্তি: $Na^{+} - e^{-} \rightarrow Na^{2+}; \Delta H_2 = +2465KJmol^{-1}$

$Ne - e^{-} \rightarrow Ne^{+}; \Delta H = +2080KJmol^{-1}$

❑ আয়নীকরণ বিভব প্রধানত চারটি বিষয়ের উপর নির্ভর করে।

✓ পরমাণুর আকার।

✓ নিউক্লিয়ার চার্জ।

✓ মধ্যবর্তী চার্জ ও উপস্তরের প্রতিবন্ধকতা।

✓ পরমাণুর সর্ববহিঃস্থ স্তরের ইলেকট্রনীয় কাঠামো।

একই গ্রুপে মৌলসমূহের পারমাণবিক সংখ্যা বৃদ্ধির সাথে ইলেকট্রনের শক্তিস্তর বাড়ে সর্ববহিঃস্থ ইলেকট্রন নিউক্লিয়াস থেকে ক্রমশ দূরবর্তী হয় এবং এর উপর নিউক্লিয়াসের আকর্ষণ কমে। তাই আয়নীকরণ শক্তি কম হয়।

প্রশ্ন: আয়নীকরণ বিভব একটি পর্যায়বৃত্ত ধর্ম ব্যাখ্যা কর।

কার্যকর নিউক্লিয়ার চার্জের পরিমাণ বৃদ্ধি পায় বলে আকার হ্রাস পায়, ফলে নিউক্লিয়াস এবং বহি:স্তরের ইলেকট্রনের মধ্যে আকর্ষণ বাড়ে ফলে অপসারণ করতে বেশি শক্তির প্রয়োজন হয়। অর্থাৎ আয়নিকরণ শক্তি বৃদ্ধি পায়।

পরমাণুর আকার বৃদ্ধি পায় বলে আকর্ষণ হ্রাস পায়। ফলে অপসারণ করতে কম শক্তি প্রয়োজন হয় বলে আয়নীকরণ শক্তি হ্রাস পায়।

Problems

প্রশ্ন: আয়নীকরণ বিভব একটি পর্যায়বৃত্ত ধর্ম ব্যাখ্যা কর।

- বোরনের আয়নীকরণ শক্তি বেরিলিয়াম অপেক্ষা কম।
- নাইট্রোজেনের আয়নিকরণ বিভব এর মান কার্বন এর চেয়ে বেশি।
- অক্সিজেনের আয়নিকরণ শক্তি নাইট্রোজেন অপেক্ষা কমে।
- একইভাবে S এর ১ম আয়নীকরণ বিভববের মান P অপেক্ষা নিম্ন।
- একইভাবে Al এর প্রথম আয়নীকরণ বিভবের মান Mg অপেক্ষা নিম্ন।

❑ দ্বিতীয় আয়নিকরণ বিভব:

এক একক চার্জবিশিষ্ট ধনাত্মক আয়ন থেকে এক মোল দুই চার্জবিশিষ্ট ধনাত্মক আয়ন সৃষ্টি করার জন্য প্রয়োজনীয় শক্তিকে আয়নীকরণ বিভব বলা হয়। যেমন-

$Mg^{+} \rightarrow Mg^{2+} + e^{-}\ E_2 = +1450KJmol^{-1}$

শুধু আয়নীকরণ শক্তি বললে প্রথম আয়নীকরণ শক্তি বুঝায়

আয়নিকরণ শক্তি $\rightarrow 1P$ একক $\rightarrow KJmol^{-1}$

প্রশ্ন: পর্যায় সারণিতে আয়নীকরণ শক্তি কীভাবে পরিবর্তিত হয় ? ব্যাখ্যা করো।

পর্যায় সারণিতে একটি গ্রুপে আয়নীকরণ শক্তি –

সাধারণভাবে পর্যায় সারণিতে একই গ্রুপের মৌল সমূহের পারমাণবিক সংখ্যা বৃদ্ধির সাথে সাথে আয়নিকরণ শক্তি কমতে থাকে। এর কারণ হচ্ছে একই গ্রুপ বা শ্রেণীতে পারমাণবিক সংখ্যা বৃদ্ধির সাথে সাথে ইলেকট্রনের শক্তিস্তর বাড়তে থাকে। ফলে সর্ববহিঃস্থ ইলেকট্রন নিউক্লিয়াস থেকে ক্রমশ দূরবর্তী হয় এবং এর ওপর নিউক্লিয়াসের আকর্ষণ কমতে থাকে। তাই আয়নীকরণ শক্তি বা বিভব হয়। যেমন-

$Li = 520KJ$

$K = 419KJ$

$Na = 496KJ$

$Rb = 403KJ$

$Cs = 376KJ$

10 MINUTE SCHOOL

পর্যায় সারণিতে একই পর্যায়ে আয়নীকরণ শক্তি-

একই পর্যায়ে পারমাণবিক সংখ্যা বৃদ্ধির সাথে মৌলের আয়নীকরণ বিভব সাধারণত ক্রমশ বাড়ে। (কয়েকটি ব্যতিক্রম সহ) কেননা একই পর্যায়ে পারমাণবিক সংখ্যা বৃদ্ধির ফলে এর শক্তিস্তর বাড়েনা, ফলে নিউক্লিয়াস থেকে সর্ববহিঃস্থ ইলেকট্রনের দূরত্ব বাড়ে না বরঞ্চ কিছু কমে যায়। উপরন্তু নিউক্লিয়াসের চার্জ বৃদ্ধির ফলে সর্ববহিঃস্থ ইলেকট্রনটি অধিকতর আকৃষ্ট হয়। অর্থাৎ অপসারণের জন্য অধিকতর শক্তির প্রয়োজন হয়।

এতে বোঝা যায় যে সে কোন পর্যায়ে 1A- উপশ্রেণীল মৌল সমূহের আয়নীকরণ শক্তির সবচেয়ে কম এবং নিষ্ক্রিয় গ্যাস সমূহের আয়নীকরণ শক্তি সবচেয়ে বেশি।

- **Na^+ সম্ভব কিন্তু Na^{2+} সম্ভব নয় কেন?**
- **Na^{2+} গঠনের চেয়ে Ne^+ গঠন সহজ কেন?**

$Ne - e^- \rightarrow Ne^+; \Delta H = +2080 KJmol^-1$

Na^+ থেকে Na^{2+} গঠনে অতিরিক্ত শক্তি প্রয়োজন হয় বিধায় Na^{2+} গঠিত হয়না।

Problems

প্রশ্ন: পারমাণবিক সংখ্যা বৃদ্ধিতে ক্ষার ধাতুসমূহের আয়নীকরণ শক্তি কীভাবে পরিবর্তিত হয়?

⟶ পারমাণবিক সংখ্যা বৃদ্ধিতে ক্ষার ধাতুসমূহের আয়নীকরণ শক্তি-

ক্ষার ধাতু বলতে বুঝি পর্যায় সারণির গ্রুপ 1A এর মৌল সমূহ। আমরা জানি, একই শ্রেণিতে উপর হতে নিচের দিকে একটি করে শক্তি স্তর বৃদ্ধি পায় ফলে সর্ববহিঃস্থ ইলেকট্রন নিউক্লিয়াস থেকে ক্রমশ দূরবর্তী হয় এবং এর উপর নিউক্লিয়াসের আকর্ষণ থাকে। ফলে পরমাণুকে আয়নিত করতে কম শক্তির প্রয়োজন হয় তাই এই শ্রেণীতে উপর থেকে

নিচে আয়নীকরণ শক্তি হ্রাস পায়।

$$Li > Na > K > Rb > Cs > Fr$$

Problems

প্রশ্ন: সোডিয়াম অপেক্ষা পটাশিয়ামের আয়নীকরণ বিভব কম কেন?

⟶ গ্যাসীয় অবস্থায় কোন মৌলের এক মোল বিচ্ছিন্ন পরমাণু থেকে একটি করে ইলেকট্রন সরিয়ে একে গ্যাসীয় বিচ্ছিন্ন এক মূল একক ধনাত্মক আয়নে পরিণত করতে যে পরিমাণ শক্তি রিস প্রয়োজন হয় তাকে সে মৌলের আয়নীকরণ শক্তি বলা হয়।

$$Na_{(g)} \rightarrow Na^{+}_{(g)} + e^{-}; \Delta H = +496KJmol^{-1}$$

$$K_{(g)} \rightarrow K^{+}_{(g)} + e^{-}; \Delta H = +419KJmol^{-1}$$

Na ও K পর্যায় সারণির গ্রুপ-1A এর মৌল।

আমরা জানি, একই গ্রুপে উপর থেকে নিচের দিকে একটি করে শক্তিস্তর বৃদ্ধি পায় ফলে সর্ববহিঃস্থ ইলেকট্রন নিউক্লিয়াস থেকে ক্রমশ দূরবর্তী হয় এবং এর ওপর নিউক্লিয়াসের আকর্ষণ কম হয়। ফলে পরমাণুতে ইলেকট্রন অপসারণ করতে তথা পরমাণুকে আয়নিত করতে কম শক্তি প্রয়োজন হয়। তাই Na অপেক্ষা K এর আয়নীকরণ শক্তি কম।

Problems

প্রশ্ন: B এর আয়নিকরণ বিভব Be এর চেয়ে কম কেন?

⟶ B ও Be এর ইলেকট্রন বিন্যাস-

$$B \rightarrow 1s^2\ 2s^2\ 2p_x^1\ 2p_y^0\ 2p_z^0\ [1P = 800\ KJmol^{-1}]$$
$$Be \rightarrow 1s^2\ 2s^2\ [1P = 900KJmol^{-1}]$$

সাধারণত পরমাণুর পূর্ণ ও অর্ধপূর্ণ অরবিটাল সমূহ অধিক স্থিতিশীল হয়ে থাকে। বোরন এবং বেরিলিয়াম এর ইলেকট্রন বিন্যাস হতে দেখা যায় Be এর ইলেকট্রন বিন্যাস যথেষ্ট স্থিতিশীল। B এর ক্ষেত্রে $2p_x^1$ ইলেকট্রনটি সরাতে কিছুটা কম শক্তি প্রয়োজন হয়। কেননা তা দ্বারা $1s^2\ 2s^2$ ইলেকট্রনের অধিক স্থিতিশীল বিন্যাস অর্জিত হয়। অপরদিকে Be এর ইলেকট্রন বিন্যাস $Be = 1s^2\ 2s^2$ হওয়ায় তা অধিকতর স্থিতিশীল এবং এটি থেকে ইলেকট্রন বিন্যাস ভাঙতে হয়। একারণে Be এর প্রথম আয়নীকরণ শক্তি স্বাভাবিক অপেক্ষা বেশি।

প্রশ্ন: সাধারণ অবস্থায় Na^+ গঠিত হলে ও Na^{2+} গঠিত হয়না কেন?

$$\longrightarrow Na \rightarrow Na^+ + e^-; \Delta H_1 = +496 KJmol^{-1}$$

$$Na^+ \rightarrow Na^{2+} + e^-; \Delta H_2 = +4564 KJmol^{-1}$$

Na এর তুলনায় Na^+ অধিক স্থিতিশীল। Na^+ এর ইলেকট্রন বিন্যাস নিষ্ক্রিয় গ্যাস Ne অনুরূপ হওয়ায় এই স্থিতিশীল ইলেকট্রন বিন্যাস ভেঙে থাকে Na^{2+} এ পরিনত করতে প্রচুর শক্তি প্রয়োজন হয়। যা সাধারণত রাসায়নিক বিক্রিয়া হতে পাওয়া যায়না। তাই সাধারণ অবস্থায় Na^+ গঠিত হলেও Na^{2+} গঠিত হয় না।

ইলেকট্রন আসক্তি

গ্যাসীয় অবস্থায় কোন মৌলের বিচ্ছিন্ন পরমাণু প্রত্যেকে একটি করে এক মোল ইলেকট্রন এর সাথে যুক্ত হয়ে গ্যাসীয় বিচ্ছিন্ন এক মোল একক ঋণাত্মক চার্জযুক্ত আয়ন সৃষ্টি করতে যে পরিমাণ শক্তি নির্গত হয়, তাকে সে মৌলের ইলেকট্রন আসক্তি বলে।

$$Cl + e^- \rightarrow Cl^-. \Delta H = -348 KJmol^{-1}$$

Problems

ব্যাতিক্রম-

Cl এর ইলেকট্রন আসক্তি F এর তুলনায় বেশি।

$\longrightarrow$ ইলেকট্রন আসক্তির ক্রম: $Cl > F > Br > I$

ফ্লোরিনের ইলেকট্রন ঘনত্ব বেশি Cl এর তুলনায়। ফলে F এর বিকর্ষণ শক্তি বেশি এবং Cl এর তুলনামূলকভাবে কম। এই কারণে Cl এর ইলেকট্রন আসক্তি বেশি।

❑ পর্যায় সারণীতে ইলেকট্রন আসক্তি-

পর্যায় সারণিতে একই পর্যায়ে বাম থেকে ডানে গেলে পরমাণুর নিউক্লিয়াসে একটি করে প্রোটন এবং বহি:স্তরে একটি করে ইলেকট্রন বৃদ্ধি পায়। তখন আগমনকারী ইলেকট্রন নিউক্লিয়াসের অধিকতর নিকটে আসে এবং অধিক শক্তি নির্গত হয়।

যেমন: $Li < Be < B < C < N < O < F$

Problems

❑ পর্যায় সারণিতে একই শ্রেণিতে ইলেকট্রন আসক্তি-

পর্যায় সারণিতে এক গ্রুপে যতই উপর থেকে নিচের দিকে যাওয়া যায়, মৌলের ইলেকট্রন আসক্তি ততই কমে-

যেমন: $Cl > F > Br > I$

প্রশ্ন: যে কোন মৌলের ২য় ইলেকট্রন আসক্তি তাপহারী কেন? ব্যাখ্যা কর।

সাধারণত প্রথম ইলেকট্রন আসক্তি তাপোৎপাদী প্রক্রিয়া হলেও দ্বিতীয় ইলেকট্রন আসক্তি তাপহারী প্রক্রিয়া হয়। এর কারণ হলো দ্বিতীয় ক্ষেত্রের একটি ঋণাত্মক চার্জযুক্ত আয়ন যখন ঋণাত্মক চার্জযুক্ত ইলেকট্রনকে গ্রহণ করতে চায়, তখন তাদের মধ্যে বিকর্ষণ শক্তি কাজ করে। এই বিকর্ষণ শক্তির অতিক্রম করে ইলেকট্রনটি গ্রহণ করতে হয় বলে এক্ষেত্রে শক্তির শোষণ হয়। তাই দ্বিতীয় ইলেকট্রন আসক্তি তাপহারী হয়।

$$O_{(g)} + c^- \rightarrow O^-_{(g)}; \Delta - 141KJmol^{-1}$$

$$O^-_{(og)} + e^- \rightarrow O^{2-}_{(g)}; \Delta H = +789KJmol^{-1}$$

❑ তড়িৎ ঋণাত্মকতা-

সমযোজী বন্ধনে আবদ্ধ দুটি পরমাণুর মধ্যে শেয়ারকৃত ইলেকট্রন যুগলকে কোন পরমাণু তার নিজের দিকে আকর্ষণ করার ক্ষমতাকে সে পরমাণুর তড়িৎ ঋণাত্মকতা বলে।

- ❑ একই পর্যায়ে পারমাণবিক সংখ্যা বৃদ্ধির সাথে সাথে নতুন ইলেকট্রন শক্তি স্তর বৃদ্ধি পায় না কিন্তু নিউক্লিয়াসের ধনাত্মক
- ❑ চার্জ বৃদ্ধি পায়।

অর্থাৎ একই পর্যায়ে বাম থেকে ডানে গেলে তড়িৎ ঋণাত্মকতার মান বৃদ্ধি পায়।

ক্রম → $Li < Be < B < C < N < F$

H 2.1																	He ---
Li 1.0	Be 1.5											B 2.0	C 2.5	N 3.0	O 3.5	F 4.0	Ne ---
Na 0.9	Mg 1.2											Al 1.5	Si 1.8	P 2.2	S 2.5	Cl 3.0	Ar ---
K 0.8	Ca 1.0	Sc 1.3	Ti 1.5	V 1.6	Cr 1.6	Mn 1.5	Fe 1.8	Co 1.8	Ni 1.8	Cu 1.9	Zn 1.6	Ga 1.6	Ge 1.8	As 2.0	Se 2.4	Br 2.8	Kr 3.0
Rb 0.8	Sr 1.0	Y 1.2	Zr 1.4	Nb 1.6	Mo 1.8	Tc 1.9	Ru 2.2	Rh 2.2	Pd 2.2	Ag 1.9	Cd 1.7	In 1.7	Sn 1.8	Sb 1.9	Te 2.1	I 2.5	Xe 2.6
Cs 0.7	Ba 0.9	La-Lu 1.1-1.2	Hf 1.3	Ta 1.5	W 1.7	Re 1.9	Os 2.2	Ir 2.2	Pt 2.2	Au 2.4	Hg 1.9	Tl 1.8	Pb 1.8	Bi 1.9	Po 2.0	At 2.2	Rn ---
Fr 0.7	Ra 0.9	Ac-No 1.1-1.7															

Problems

প্রশ্ন: ক্লোরিন সর্বাপেক্ষা তড়িৎ ঋণাত্মক কেন?

⟶ সমযোজী বন্ধনে আবদ্ধ দুটি পরমাণুর মধ্যে শেয়ারকৃত ইলেকট্রন যুগলকে কোন পরমাণুর তার নিজের দিকে টেনে আনার প্রবণতা কে তড়িৎ ঋণাত্মকতা বলে।

ফ্লোরিন দ্বিতীয় পর্যায়ের সর্বশেষ ডানে এবং গ্রুপ ভিত্তিক গ্রুপ -VIIIA এর সবচেয়ে উপর স্থান প্রাপ্ত ক্ষুদ্রাকার পরমাণু হওয়ায় সমযোজী যৌগ অণুতে শেয়ারকৃত ইলেকট্রনের উপর এর নিউক্লিয়াসের আকর্ষণ সবচেয়ে বেশি হয়। অর্থাৎ এর তড়িৎ ঋণাত্মকতা অন্যান্য সকল মৌলের চেয়ে বেশি হয় এবং পলিং স্কেল মতে তা 4.0.

**Basic: সমযোজী যৌগের আয়নিক বৈশিষ্ট্য -

↓

তড়িৎ ঋণাত্মকতা

$$H^{\delta+} - Cl^{\delta-} \quad \Bigg| \begin{array}{l} H = 2.1 \\ Cl = 3 \end{array}$$

পার্থক্য $= 0.9$

তড়িৎ ঋণাত্মকতার পার্থক্য $0.5 - 1.7$ পর্যন্ত হলে ধীরে ধীরে পোলারিটি বৃদ্ধি পায়।

বিশুদ্ধ সমযোজী যৌগ পানিতে দ্রবীভূত হয় না।

যেমনঃ CH_4, CCl_4

❑ পোলারিটি পোলারায়ন, ফাজানের নীতি ও হাইড্রোজেন

প্রশ্নঃ ডাইপোল ও পোলারিটি কী?

➢ সমযোজী বন্ধনে আবদ্ধ, দুইটি পরমাণুর তড়িৎ ঋণাত্মকতার মানের পার্থক্যের কারণে বন্ধনে দুইটি ভিন্ন তড়িৎ মেরু সৃষ্টি হয়। এর উভয় মেরুকে একত্রে ডাইপোল বলে।

➤ সমযোজী যৌগে ডাইপোল সৃষ্টির ধর্মকে পোলারিটি বলে। যেমনঃ

$$H^{\delta+} — F^{\delta-}$$

$$H^{\delta+} — O^{\delta-}$$

$$|$$

$$H^{\delta+}$$

প্রশ্ন পোলার যৌগ কাকে বলে? HCl একটি পোলার যৌগ ব্যখ্যা কর।

- **পোলার যৌগঃ-**

সমযোজী যৌগের অণুতে দুটি ভিন্ন তড়িৎ মেরু সৃষ্টী হলে ঐ অণুকে পোলার অণু এবং পোলার অণু বিশিষ্ট যৌগকে পোলার যৌগ বলে। HCl যৌগে H অপেক্ষা Cl এর তড়িৎ ঋণাত্মকতা র মান বেশি হওয়ায় তাদের মধ্যে শেয়ারকৃত ইলেকট্রন জোড় ক্লোরিনের দিকে আকৃষ্ট হয়। ফলে ক্লোরিন পরমাণুর উপর আংশিক ঋণাত্মক চার্জ ও H পরমাণুর উপর আংশীক ধনাত্মক চার্জ সৃষ্টি হয়।

অর্থাৎ, HCl অণুতে দুটি বিপরীতধর্মী মেরুর উদ্ভব ঘটে। তাই HCl একটি পোলার যৌগ।

$$H \dot{\times}Cl \rightarrow H \quad \dot{\times}Cl \rightarrow H^{\delta+} - Cl^{\delta-}$$

Problems

প্রশ্নঃ HCL ও HF এর মধ্যে কোনটি অধিক পোলার যৌগ- ব্যাখ্যা কর।

- সাধারণত কোনো সমযোজী যৌগের দুটি পরমাণুর তড়িৎ ঋণাত্মকতার পার্থক্য 0.5 – 1.9 এর মধ্যে হলে অণুটি পোলার অণু হবে।

H ও F এরতড়িৎ ঋনাত্মকতার পার্থক্য-

$$(4.0 - 2.1)$$

$= 1.9$ যা $0.5 \sim 1.9$ এর মধ্যে রয়েছে।

তাই HF একটি পোলার যৌগ।

Cl ও H এর তড়িৎ ঋনাত্মকতার পার্থক্য-

$$(3.0 - 2.1)$$

$= 0.9$ যা $0.5 \sim 1.9$ এর মধ্যে রয়েছে।

তাই HCl ও একটি পোলার যৌগ।

কিন্তু H – Cl বন্ধন অপেক্ষা H – F বন্ধনের তড়িৎ ঋণাত্মকতার পার্থক্য বেশি তথা পোলারিটি বেশি।
তাই, এ দুটি যৌগের মধ্যে HF অধিক পোলার যৌগ।

Problems

প্রশ্নঃ পোলারায়ন বা আয়নিক বিকৃত কী?

❖ পোলারায়নঃ-

আয়নিক যৌগে ক্যাটায়ন ও অ্যানায়ন থাকে। ক্যাটায়নের নিউক্লিয়াস তথা সামগ্রিক ধনাত্মক চার্জ অ্যানায়নের ইলেকট্রন মেঘকে নিজের দিকে আকর্ষণ করে। ফলে অ্যানায়নের ইলেকট্রন মেঘের বিকৃতি ঘটে। ক্যাটায়ন দ্বারা অ্যানায়নের ইলেকট্রন মেঘের বিকৃতিকে বলা হয় পোলারায়ন। পোলারায়ন যত বেশি হবে আয়নিক যৌগে সমযোজী বৈশিষ্ট্য তত বেশি হবে।

❖ পোলারাইজেশনঃ-

➢ ক্যাটায়ন কর্তৃক অ্যানায়নের ইলেকট্রন টেনে আনলে পোলারায়ন বা আয়ন বিকৃতি ঘটে।

➢ ক্যাটায়ন কর্তৃক অ্যানায়নের পোলারায়ন যত বেশি হবে সে যৌগ তত বেশি সমযোজী হবে।

ফাযানের নীতি ⟶ কত কারণে পোলারায়ন ঘটে।

❑ সমযোজী যৌগের বৈশিষ্ট্য-

১. পানিতে অদ্রবনীয় / অল্প দ্রবীভূত হয় / দ্রাব্যতা কম

২. গলনাংক – ফুটনাংক কম।

আয়নিক যৌগের সমযোজী বৈশিষ্ট্য

*** আয়নিক যৌগে সমযোজী বৈশিষ্ট্য ব্যাখ্যা কর অথবা আয়নের পোলারায়ন বা বিকৃতিকরণঃ-**

➢ কোনো আয়নিক যৌগে ক্যাটায়ন এবং অ্যানায়ন খুব নিকটে আসলে তখন তাদের মধ্যে পারস্পরিক আকর্ষণ এবং বিকর্ষণ বল কাজ করে। কিন্তু ক্যাটায়নের আকার তুলনামূলকভাবে ছোট হওয়ায় এটি অ্যানায়নের e^- মেঘকে নিজের দিকে অধিক আকৃষ্ট করে। এর ফলে অ্যানায়নের আকারের বিকৃতি ঘটে। এই ঘটনাকে ক্যাটায়ন দ্বারা অ্যানায়নের বিকৃতিকরণ বা পোলারায়ন বলে। এক্ষেত্রে অ্যানায়নটি পোলারায়িত হয়েছে বলা হয় এবং অ্যানায়নকে এভাবে পোলারায়িত করার ক্ষমতাকে ক্যাটায়নের পোলারায়ন ক্ষমতা বলে। ঐ ধর্মের ফলে আয়নিক যৌগে সমযোজী বৈশিষ্ট্য বৃদ্ধি পায়।

চিত্রঃ M^{+} অ্যানায়ন কর্তৃক X^{-} অ্যানায়নের পোলারায়ন।

সাধারণত ক্যাটায়নের আকারে বিকৃতি ঘটেনা। এর কারণ হলো ক্যাটায়নের আকার ছোট হওয়ায় এটি নিজের e^{-} কে অধিক আকর্ষণ করে এবং অ্যানায়নের নিউক্লিয়াস থেকে ক্যাটায়নের e^{-} মেঘকে তেমন আকর্ষণ করতে পারেনা।

প্রশ্নঃ ফাযানের নিয়ম উদাহরণসহ ব্যাখ্যা কর।

- আয়নিক যৌগের সমযোজী বৈশিষ্ট্য নির্ভর করে অ্যানায়নের পোলারায়নের উপর। অ্যানায়নের পোলারায়ন যত বেশি হবে আয়নিক যৌগের যমযোজী বৈশিষ্ট্য তত বেশি হবে। একারণে অ্যানায়নের পোলারায়নের পরিমাণ বৃদ্ধির সাথে আয়নিক যৌগের বিভিন্ন ধর্মের (যেমন-গলনাঙ্ক, স্ফুটনাঙ্ক, পানিতে দ্রবণীয়তা ইত্যাদি) ক্রম হ্রাস ও সমযোজী যৌগের বৈশিষ্ট্যের ক্রমবৃদ্ধি ঘটে। অ্যানায়নের পোলারায়নের পরিমাণ কয়েকটি শর্ত দ্বারা নির্ধারিত হয়। এসব শর্তকে ফাযানের পোলারায়ন নিয়ম বলা হয়।

এসব শর্ত হলোঃ-

(ক) ক্যাটায়নের আকার যত ছোট এবং অ্যানায়নের আকার যত বড় হয়।

(খ) অ্যানায়নের আকার যত বড় হয় এবং ক্যাটায়নের আকার যত ছোট হয়।

(গ) ক্যাটায়ন ও অ্যানায়নের চার্জের পরিমাণ যত বেশি হয়।

(ঘ) ক্যাটায়নের ইলেকট্রন বিন্যাসের ক্ষেত্রে d ও f অরবিটালে ইলেকট্রনের উপস্থিতি।

❖ **LiCl, NaCl, KCl এর মধ্যে-**

গলনাঙ্ক , স্ফুটনাঙ্ক বেশি-

$$LiCl < NaCl < KCl$$

$FeCl_2$, $FeCl_3$ এর মধ্যে-

$$FeCl_2 > FeCl_3$$

আইসোইলেকট্রনিক-

$$N^{3-} > O^{2-} > F^{-} > Ne > Na^{+} > Mg^{2+} > Al^{3+}$$

❖ Group-2 এর কার্বনেট সমূহের বিয়োজনের ক্ষেত্রে তাপমাত্রার ক্রম আলোচনা কর।

➢ সাধারণত ধাতব কার্বনেটসমূহের ধাতব আয়নের পোলারায়ন ক্ষমতা বেশি হলে এরা কার্বনেট আয়নকে বেশি পোলারায়িত করে। একারণে তাপ প্রয়োগের ফলে এরা সহজে বিয়োজিত হয়ে ধাতব অক্সাইড এবং Group-2 তথা মৃৎক্ষার ধাতুসমূহের চার্জ বেশি এবং আকার তুলনামূলকভাবে ছোট হওয়ায় এদের পোলারায়ন ক্ষমতা হ্রাস পায়। পোলারায়ন ক্ষমতা ক্ষার ধাতু অপেক্ষা বেশি । তবে Group-2 এর উপর থেকে নিচে গেলে ক্যাটায়নসমূহের আকার বৃদ্ধি পাওয়ায় ফাযানের সূত্র মতে- এদের পোলারায়ন ক্ষমতা হ্রাস পায়। পোলারায়ন ক্ষমতা হ্রাস পাবার ফলে যৌগসমূহের আয়নিক বোইশিষ্ট্য বৃদ্ধি পায়। এতে বিয়োজনের তাপমাত্রাও বৃদ্ধি পায়।

Group-2 এর ক্যাটায়নসমূহের পোলারায়ন ক্ষমতার ক্রম-

$$Be^{2-} > Mg^{2+} > Ca^{2+} > Sr^{2+} > Ba^{2+}$$

Problems

প্রশ্নঃ আন্তঃআণবিক আকর্ষণ বলতে কী বোঝ? এর প্রকারভেদ আলোচনা কর।

➢ সমযোজী যৌগসমূহের অণুসমূহ পরস্পরের সাথে যে বলে আকৃষ্ট থাকে তাকে আন্তঃআণবিক আকর্ষণ বলে। আয়নিক যৌগ হচ্ছে আন্তঃআয়নিক আকর্ষণ।

শ্রেণীবিভাগঃ-

১. ডাইপোল ডাইপোল আকর্ষণ বল।

২. ভ্যানডার ওয়ালস আকর্ষণ বল।

৩. হাইড্রোজেন বন্ধন।

❖ H – বন্ধনঃ-

Problems

প্রশ্নঃ H_2S, গ্যাস, H_2O তরল কেন?

- H_2O অণুতে হাইড্রোজেন পরমাণু আংশিক ধনাত্মক চার্জ ও অক্সিজেন পরমাণু আংশিক ঋণাত্মক চার্জ ও অক্সিজেন পরমাণু আংশিক ঋণাত্মক চার্জ লাভ করে। O একটি উচ্চ তড়িৎ ঋণাত্মক মৌল হওয়ায় H_2O একটি পোলার যৌগ। এক্ষেত্রে O এবং H মধ্যে তড়িৎ ঋণাত্মকতার পার্থক্য হলো $(3.5 - 2.1) = 1.4$। তাই পানির পোলার অণুগুলোর মধ্যে H বন্ধন গঠন সম্ভব। H বন্ধন থাকার কারণে অসংখ্য পানির অণু পরস্পরকে আকর্ষণ করে গুচ্ছ অণু যা পলিমার অণু হিসেবে থাকে। এর ফলে পানির অণুসমূহের মধ্যে আন্তঃআণবিক দূরত্ব হ্রাস পায় এবং ভৌত অবস্থা তরল হয়।

অপরদিকে S এর তড়িৎ ঋণাত্মকতা হওয়ায় এবং H ও S এর মধ্যে তড়িৎ ঋণাত্মকতার পার্থক্য $(2.5 - 2.1) = 0.4$ অপেক্ষা কম হওয়ায় একটি অপোলার মৌল। তাই H_2S অণুসমূহ পরস্পরের মধ্যে H বন্ধন গঠন করতে পারেনা। এদের মধ্যে দুর্বল ভ্যানডারওয়ালস আকর্ষণ বল কার্যকর। এরা একক অণু হিসেবে থাকে। তাই H_2S এর ভৌত অবস্থা গ্যাসীয় প্রকৃতির।

Problems

প্রশ্নঃ অর্থো নাইট্রো ফেনল অপেক্ষা প্যারা নাইট্রো ফেনলের স্ফুটনাঙ্কের মান বেশি কেন?

- অর্থো নাইট্রো ফেনলের –OH এবং NO_2 মূলকের মধ্যে আন্তঃআণবিক H বন্ধন বিদ্যমান। ফলে এটি একটি অণু হিসেবে থাকে।

- অপরদিকে প্যারা নাইট্রো ফেনল অণুতে OH মূলক এবং NO_2 মূলক বিপরীত দিকে অবস্থান করার কারণে এরা আন্তঃ আণবিক H – বন্ধনের মাধ্যমে যুক্ত হয়ে পলিমার অণু বা গুচ্ছ গঠন করে। তাই এরা স্ফুটনাঙ্কের মান অর্থো নাইট্রো ফেনল অপেক্ষা বেশি হয়।

O_2N — ⬡ — $O-H$ .... $O-\overset{\overset{O}{\parallel}}{N}$ — ⬡ — OH

১। সমযোজী যৌগ সম্পর্কে নিচের কোন বাক্যটি সঠিক?

ক) সমযোজী যৌগ বিদ্যুৎ পরিবাহী।

খ) সমযোজী যৌগসমূহের ভিন্ন ভিন্ন আকৃতি আছে।

গ) সমযোজী যৌগের গলনাঙ্ক কম।

ঘ) সমযোজী যৌগ জৈব দ্রবণে দ্রবণীয়।

ব্যাখ্যাঃ সমযোজী যৌগ গলিত অবস্থায় বিদ্যুৎ অপরিবাহী কারণ এতে কোনো মুক্ত আয়ন থাকে না।

10 MINUTE SCHOOL

২। সমযোজী বন্ধন সৃষ্টির সময় দুটি পরমাণুর যোজ্যতা স্তরের দুটি অরবিটালের সামনাসামনি অধিক্রমণ ঘটে, তখন উৎপন্ন বন্ধনকে সিগমা (σ) বন্ধন বলা হয়। দুটি s- অরবিটাল $(s-s)$ এবং দুটি $p-p$ সামনাসামনি অধিক্রমণের ফলে বন্ধনের সৃষ্টি হতে পারে।

ক) সিগমা বন্ধন (σ)

খ) পাই বন্ধন (π)

গ) সন্নিবেশ বন্ধন

ঘ) ইটা বন্ধন (η)

৩। নিম্নলিখিত যৌগগুলির কোনটিতে কার্বন-কার্বন ত্রিবন্ধন আছে?

ক) C_2H_4 খ) C_4H_4 গ) C_4H_8 ঘ) C_5H_{10}

ব্যাখ্যা-

$$C_4H_4\ (H_2C = CH - C \equiv CH)$$

৪। কোন অরবিটালের অধিক্রমণের ফলে C_2H_4 যৌগে π বন্ধন গঠিত হয়?

ক) $sp^2 - sp^2$ খ) $sp^2 - s$

গ) $2P_z - 2P_z$ ঘ) $2P_y - 2P_y$

৫। বেনজিনেকয়টি π বন্ধন বিদ্যমান?

ক) ১২টি খ) ৯টি

গ) ৬ টি ঘ) ৩টি ✓

ব্যাখ্যাঃ

H
|
C
H — C C — H
C — H
H — C
C
|
H

৬। সিগমা বন্ধনের বৈশিষ্ট্য নয় কোনটি?

ক) বন্ধনে অংশগ্রহণকারী অরবিটালদ্বয় একই অক্ষ বরাবর থাকে

খ) বন্ধন নির্দিষ্ট দিকে প্রসারিত হয়।

গ) সংকর অথবা বিশুদ্ধ অরবিটাল উভয় ক্ষেত্রে বন্ধন গঠিত হয়।

ঘ) π বন্ধন অপেক্ষা শক্তিশালী

৭। সিগমা বন্ধন গঠনে অরবিটালদ্বয় থাকে-

ক) সরলরেখায় খ) সমান্তরাল

গ) সমতলে ঘ) 90° কোণ

৮। ত্রিবন্ধনে সবচেয়ে ভালো বর্ণনা হলো-

ক) দুইটি π বন্ধন, একটি σ বন্ধন।

খ) একটি π বন্ধন, দুইটি σ বন্ধন।

গ) তিনটি σ বন্ধন।

ঘ) কোনোটিই নয়।

৯। $CH_2 = CH - CH_2CHO$ যৌগটিতে যথাক্রমে π এবং σ বন্ধনের সংখ্যা হলো-

ক) 9, 2 খ) 8, 4

গ) 10, 1 ঘ) 10, 2

ব্যাখ্যাঃ

```
      H    H    H    O
      |    |    |    ||
 H —  C =  C —  C —  C — H
                |
                H
```

১০। ফসফোরাস ট্রাই ক্লোরাইড এর কেন্দ্রীয় পরমাণুর যোজ্যতা স্তরে মুক্ত ও বন্ধন ইলেকট্রন জোড় কয়টি?

ক) 2, 8

খ) 2, 3

গ) 1, 4

ঘ) 1, 3

ব্যাক্ষাঃ

$Cl \overset{..}{-} \ddot{P} \overset{.}{-} Cl$

|:

Cl

১১। $AlCl_3$ যৌগের ডাইমারে মুক্ত জোড় ইলেকট্রন কয়টি?

ক) 6 খ) 10

গ) 12 ঘ) 16

১২। গ্রাফাইটে কোন ধরণের সংকরণ ঘটে?

ক) sp^3 খ) sp^2

গ) sp ঘ) sp^3d

১৩। H_2O যৌগে H ও O বন্ধনে বিদ্যমান-

ক) s – sp সংকর অরবিটাল।

খ) s – sp^2 সংকর অরবিটাল

গ) s – sp^3 সংকর অরবিটাল

ঘ) sp – sp^3 সংকর অরবিটালসহ যোগ

১৪। কোন সংকরায়ন হলে π বন্ধন গঠিত হয়?

ক) sp^3 খ) sp^2

গ) dsp^3 ঘ) d^2sp^2

১৫। NH_4^+ এর সঙ্করায়ন কীরূপ?

ক) sp

খ) sp^2

গ) sp^3

ঘ) sp^3d

ব্যাখ্যাঃ

$$X = SA + \frac{1}{2}(E - V - \text{চার্জ})$$

$$= 4 + \frac{1}{2}(5 - 4 - 1)$$

$$= 4$$

$$= sp^3$$

$NH_4^+ \longrightarrow 109.5°$

$NH_3 \longrightarrow 107°$

১৬। PCl_5 যৌগের Cl এর সংকরণ কীরূপ?

ক) sp^3 খ) sp^3d

গ) sp^2 ঘ) sp^3

ব্যাখ্যাঃ

$$X = 5 + (5 - 5)$$

$$= 5$$

$$= 4$$

$$= sp^3d$$

১৭। C_2H_4 যৌগে কার্বন পরমাণুদ্বয়ে কোন ধরনের সংকরণ ঘটে?

ক) sp　　খ) sp^2 ✓

গ) sp^3　　ঘ) dsp^2

ব্যাখ্যাঃ

$$\underset{sp^3}{CH_3} - \underset{sp^2}{CH} \equiv \underset{sp^2}{CH} - \underset{sp}{C} \equiv \underset{sp}{CH}$$

১৮। dsp^2 সংকরণে কতটি নতুন অরবিটাল তৈরি হতে পারে?

ক) 2 খ) 3

গ) 4 ঘ) 5

১৯। টেট্রাহেড্রাল অণুর বন্ধনীর কৌণিক দূরত্ব কত?

ক) $100°98'$ খ) $119°98'$

গ) $109°28'$ ঘ) $99°28'$

২০। বন্ধন কোণের সঠিক ক্রম কোনটি?

ক) $CH_4 > NH_3 > H_2S > H_2O$

খ) $NH_3 > H_2O > H_2S > CH_4$

গ) $CH_4 > NH_3 > H_2O > H_2S$ ✔

ঘ) $H_2S > H_2O > NH_3 > CH_4$

ব্যাখ্যাঃ

$CH_4 \longrightarrow 109.5°$
$NH_3 \longrightarrow 107°$
$H_2O \longrightarrow 104.5°$
$H_2S \longrightarrow 92°$

২১। $BeCl_2$ যৌগে বন্ধন কোণ কত?

ক) 104.5°   খ) 107°

গ) 109°   ঘ) 180° ✓

২২। পানির অণুতে বন্ধণ কোণ 109.5° না হয়ে 104° হওয়ার কারণ কী?

ক) bp – bp বিকর্ষণ

খ) bp – lp বিকর্ষণ

গ) lp – lp বিকর্ষণ

ঘ) দুটি হাইড্রোজেন পরমাণুর মধ্যকার বিকর্ষণ।

10 MINUTE SCHOOL

২৩। BF_3 অণুর আকৃতি হলো-

ক) চতুস্তলকীয়

খ) ত্রিভূজ আকৃতি

গ) ত্রিকোণীয় পিরামিড

ঘ) V আকৃতি

২৪। পর্যায় সারণির জনক কে?

ক) লোথার মেয়ার

খ) মেন্ডেলিফ

গ) মোসলে

ঘ) রাদারফোর্ড

২৫। মেন্ডেলিফের পর্যায় সারণিতে কতটি পর্যায় ছিল?

ক) ৫ খ) ৭

গ) ৯ ঘ) ১২

